গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৩.২০২০/ ৮৪ তারিখ: ০৫ নভেম্বর, ২০২০ খ্রিঃ।

## কাস্টমস রুলিং (অগ্রিম) নং-০২/২০২০

বিষয় : ''Indulekha Bringha Oil'' নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্র : Unilever Bangladesh Ltd. কর্তৃক ১৩/০৯/২০২০ খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদন।

Unilever Bangladesh Ltd. নামক প্রতিষ্ঠান ''Indulekha Bringha Oil'' নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | Unilever Bangladesh Ltd. |
| আবেদনকারীর ঠিকানা | সত্ত্বাধিকারী, Unilever Bangladesh Ltd., Z.N.Tower Plot No-2, Road No-8, Gulshan-1, Dhaka-1212. |
| টেলিফোন নম্বর | 01713041574 |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Indulekha Bringha Oil |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Liquid |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | India |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 3004.90.11 (Exporting Country)<br>3305.90.00 (Importing Country) |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

পণ্যটি আমদানিকারক কর্তৃক উৎপাদনকারী উৎস দেশ হতে সংগৃহীত একটি পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ পণ্য। উপস্থাপিত নমুনা অনুযায়ী পণ্যটি 'Ready to Use' রুপে দেখা যায়; যেটি একটি আয়তাকার কাগজের প্যাকেটের অভ্যন্তরে একটি প্লাস্টিকের ধারকে রক্ষিত একধরনের আয়ুর্বেদিক তৈল জাতীয় পদার্থ।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:

এ বিষয়ে বিগত ২২/১০/২০২০ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর সভাপতিত্বে একটি সভা হয়। সভায় বিভিন্ন কাস্টম হাউসের প্রতিনিধিগণ বিষয়টি পর্যালোচনা করেন। পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য Indulekha Bringha Oil নামক পণ্যটি বিভিন্ন ভেষজ উপাদান দ্বারা গঠিত।

পণ্যটির উপস্থাপিত নমুনা পর্যবেক্ষণে দেখা যায়, পণ্যের মোড়কের গায়ে উল্লেখ রয়েছে –


"Indulekha Bringha Oil is not a regular hair oil, but an ayurvedic medicine recommended by ayurvedic physicians".


Usage Direction এ বলা হয়েছেঃ-
"Apply Indulekha Bringha Oil on the head before/after bath or as directed by the physician."


পণ্যের মোড়কের উপরিভাগে মুদ্রিত অবস্থায় আরো দেখা যায়,

"Indulekha Bringha Oil

AN AYURVEDIC PROPRIETARY MEDICINE"








শ্রেণীবিন্যাস এর ক্ষেত্রে আমদানিকারক কর্তৃক দুটি HS Code উল্লেখ করা হয়েছে যা যথাক্রমে 3004.90.11 (Exporting Country) এবং 3305.90.00 (Importing Country)। এর মধ্যে রপ্তানীকারক দেশ কর্তৃক উল্লেখিত হেডিং হচ্ছে 3004.90.11.

পণ্যটির নমুনা পর্যালোচনায় দেখা যায় যে, এটি কোন সাধারন তেল নয়। এটি সুনির্দিষ্ট ভেষজ উপাদান দ্বারা তৈরি এক ধরনের আয়ুর্বেদিক ঔষধ। তেল আকারে মোড়কজাত করা হলেও এটিতে সাধারন তেল এর তুলনায় ঔষধি গুনাগুন বেশি। রপ্তানীকারক উৎস দেশও এটিকে হেডিং 3004.90 এর অধীনে শ্রেনিবিন্যাসিত করেছে।

Bangladesh Customs Tariff (BCT) এর 30.04 এ বলা হয়েছে,

| | |
|---|---|
| 30.04 | Medicaments (excluding goods of headings 30.02, 30.05 or 30.06) consisting of mixed or unmixed products for therapeutic or prophylactic uses, put up in measured doses (including those in the form of transdermal administration systems) or in forms or packings for retail sale. |

এবং Sub-Heading 3004.90.20 এ বলা হয়েছে,

| | |
|---|---|
| 3004.90.20 | --- Homeopathic, Biochemic, **Ayurvedic, Unani medicine** and following Psychotropic cdrugs fluphenazine decanoate; fluphenthixol decanoate, clophenthixol decanoate only and Anaesthetics (all types), ethyl chloride |

BP, suxamethonium bromide/chlordie, thiopentone sodium; xylocaine/lidocaine/ lingocaine, pancuronium bromide, bupivacaine, procaine, kaetamine hydrochloride; cyclosporine

Bangladesh Customs Tariff (BCT) এর হেডিং 3004.90 এর অধীনে পণ্যটির সুনির্দিষ্ট বর্ণনার সাব-হেডিং 3004.90.20 রয়েছে। সেখানে **Ayurvedic, Unani medicine** কে উক্ত সাব-হেডিং এ শ্রেণিবিন্যাসিত করা হয়েছে। ফলে Unilever Bangladesh Ltd. নামীয় প্রতিষ্ঠান কর্তৃক আমদানিয় Indulekha Bringha Oil নামীয় পণ্যটি এইচএস কোড 3004.90.20 এ শ্রেণীবিন্যাসিত হওয়া যুক্তিযুক্ত মর্মে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

৪। অগ্রিম রুলিং:

Unilever Bangladesh Ltd. কর্তৃক আমদানিয় 'Indulekha Bringha Oil' নামক পণ্যটি Bangladesh Customs Tariff (BCT), General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী H.S. Code 3004.90.20 এ শ্রেণীবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৫। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত
(০৪/১১/২০২০ খ্রিঃ)
(সৈয়দ গোলাম কিবরীয়া)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৩.২০২০/ ৮৪ (৬৪) তারিখ: ০৫ নভেম্বর, ২০২০ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৬। সত্ত্বাধিকারী, Unilever Bangladesh Ltd., Z.N.Tower Plot No-2, Road No-8, Gulshan-1, Dhaka-1212.
২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৮। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

০৫/১১/২০২০

(মোঃ পারভেজ রেজা চৌধুরী)
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট ও
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইল: nbrclassification@gmail.com